অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জনস্বাস্থ্য রক্ষা এবং আফিমের আসক্তির বিরুদ্ধে লড়াইয়ের জন্য আইন স্বাক্ষর করলেন

S.2099C/A.5200B ম্যাথু' আইন অনুসারে, মাদক পরীক্ষার সরঞ্জামগুলিকে স্বাস্থ্যসেবা পেশাদার বা ফার্মাসিস্টদের মাধ্যমে সকলের কাছে বিতরণ করার অনুমতি দেবে

গভর্নর ক্যাথি হোকল একটি আইনে স্বাক্ষর করেছেন, যা আফিম এবং অত্যাধিক মাত্রার কারণে হওয়া মহামারীর মোকাবেলায় ব্যাপকভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ম্যাথ-র আইন, বা S.2099C/A.5200B, জনসাধারণের কাছে ফেন্টানাইল পরীক্ষার সরবরাহের উপলভ্যতাকে আরো বিকশিত করে, এটা এমন একটি সংস্থান যা ওষুধের দুর্ঘটনাজনিত কারণে অতিরিক্ত মাত্রায় পৌঁছানোর সম্ভাবনা হ্রাস করে জনস্বাস্থ্যকে রক্ষা করে।

“আমাদের স্টেট জুড়ে থাকা পরিবারগুলি আফিম এবং অত্যাধিক মাত্রার কারণে হওয়া মহামারীর বিশাল যন্ত্রণা অনুভব করেছে - এটি এমন একটি যন্ত্রণা যা আর কাউকে কখনও সহ্য করতে হবে না,” **বলেছেন গভর্নর হোকল।** “প্রায় অনেকদিন ধরেই, ফার্মেসি এবং অন্যান্য স্থানীয় স্বাস্থ্যসেবা প্রদানকারীরা অতিরিক্ত মাত্রার কারণে হওয়া মৃত্যু প্রতিরোধের জন্য প্রমাণিত সংস্থানগুলি সরবরাহ করতে সমস্যার মুখোমুখি হয়েছেন। এই পরীক্ষার সম্প্রসারণে আমাদের ঐতিহাসিক বিনিয়োগের সাথে সাথে, এই আইনের মাধ্যমেও, আমরা এটা নিশ্চিত করতে কাজ করছি যাতে প্রতিটি নিউ ইয়র্কবাসীই জীবন রক্ষাকারী টেস্টিং কিটগুলি উপলভ্য করতে পারে।”

নিউ ইয়র্ক স্টেটের বড় অংশ জুড়ে ফেন্টানাইল টেস্টিং স্ট্রিপগুলি অ্যাক্সেস করা কঠিন ছিল। ম্যাথুর আইন টেস্ট স্ট্রিপগুলিতে অ্যাক্সেস প্রদান করার জন্য স্টেটের চলমান প্রয়াসকে সম্প্রসারিত করে। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর এবং নিউ ইয়র্ক স্টেট আসক্তি পরিষেবা ও সহায়তা অফিস (Office of Addiction Services and Supports) (OASAS) উভয়েই সরবরাহকারীদের, নালোক্সেনের পাশাপাশি ফেন্টানাইল এবং জাইলাজাইন টেস্ট স্ট্রিপগুলি পাওয়া ও বন্টন করার উদ্যোগে অর্থায়ন করেছে।

এই বছরের শুরুতে, OASAS জনসাধারণ এবং প্রদানকারীদের জন্য বাজারে একটা নতুন অর্ডারিং সিস্টেম চালু করেছে, যার ফলস্বরূপ জনসাধারণ এবং প্রদানকারীদের জন্য 2 মিলিয়ন ফেন্টানাইল টেস্ট স্ট্রিপ, 1.4 মিলিয়ন জাইলাজাইন টেস্ট স্ট্রিপ এবং 70,000 নালোক্সেন কিটের অর্ডার হয়েছে। আরো অতিরিক্ত 873,000 ফেন্টানাইল টেস্ট স্ট্রিপ, 340,000 জাইলাজিন

টেস্ট স্ট্রিপ এবং 387,492 ন্যালোক্সোন ইউনিট, স্টেট স্বাস্থ্যগত অর্থায়নের কমিউনিটি-ভিত্তিক কর্মসূচির মাধ্যমে জানুয়ারি থেকে সেপ্টেম্বর 2023 পর্যন্ত বিতরণ করা হয়েছে।

ম্যাথু'র আইন, সমস্ত নিউ ইয়র্কবাসীদের কাছে স্থানীয় ফার্মেসি এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের এই জীবন রক্ষাকারী সংস্থান সরবরাহ করার অনুমতি দিয়ে এই প্রচেষ্টাকে আরও বাড়িয়ে তোলে। আইনটির নামকরণ করা হয়েছে ম্যাথিউ হোরানের স্মরণে, যিনি 2020 সালের নভেম্বরে ফেন্টানাইলের দুর্ঘটনাজনিত অত্যাধিক মাত্রার কারণে মারা গিয়েছিলেন।

নিউ ইয়র্ক স্টেটের আসক্তি সেবা ও সহায়তা অফিসের কমিশনার ডাঃ শিনাজো কানিংহাম বলেন, "আমরা, অত্যাধিক মাত্রার কারণে হওয়া সংকটের ইতিহাসের সবচেয়ে খারাপ সময়ের মধ্যে রয়েছি এবং, নিউ ইয়র্ক স্টেটে অতিরিক্ত মাত্রার জন্য হওয়া এই মৃত্যু রোধের চলমান প্রচেষ্টা হিসাবেটেস্ট স্ট্রিপের মতো সংস্থানগুলির প্রাপ্যতা এবং ব্যবহার সম্প্রসারণ করা অত্যন্ত অত্যাবশ্যক। এই উপকরণগুলি জীবন রক্ষাকারী, এবং এগুলি সেইসব লোকদের হাতে পৌঁছে দেওয়া নিশ্চিত করার জন্য আমাদের পদক্ষেপগুলি চালিয়ে যেতে হবে যাদের অতিরিক্ত মাত্রার ঝুঁকি কমাতে পারবে এই উপকরণগুলো।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেছেন, "অত্যধিক মাত্রাজনিত মহামারী,নিউ ইয়র্কবাসী এবং তাদের প্রিয়জনদের উপর প্রচণ্ডরকম বিধ্বংসী প্রভাব ফেলেছে, কিন্তু আমি এটা দেখে উৎসাহিত হয়েছি যে ওষুধ পরীক্ষার সরবরাহ এখন জনসাধারণের কাছে আরও বেশি উপলভ্য হব, এবং নালক্সোনের মতো আরো অন্যান্য উপলভ্য সরঞ্জাম, হাজার হাজার জীবন বাঁচাতে সক্ষম হবে। এই আইনের পক্ষে ওকালতি করার জন্য এবং গভর্নর হোকলের, অত্যাধিক মাত্রার দুর্ঘটনার ফলে আসা অজ্ঞান অবস্থায় মৃত্যু এবং যন্ত্রণা দূর করার জন্য দেওয়া স্থায়ী প্রতিশ্রুতির জন্য আমি ম্যাথিউ হোরানের পরিবারের প্রতি কৃতজ্ঞ।"

স্টেট সিনেটর পিট হার্কহ্যাম বলেছেন, "অত্যাধিক মাত্রা হওয়ার আগেই আমরা যাতে তা বন্ধ করতে পারি এই প্রক্রিয়া বাড়ানোর জন্য, ফেন্টানাইল এবং অন্যান্য অপমিশ্র জন্য টেস্টিং কিটগুলি যে ব্যাপকভাবে উপলব্ধ রয়েছে তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। এই বিলটিকে আইনে পরিণত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ, এখন প্রাথমিক কাজ হিসাবে এই জীবনদায়ী সরঞ্জামগুলি এখন নিউ ইয়র্কের প্রতিটি ফার্মাসিতে মজুত করা হবে। আমি কাইলি হোরানের কাছে কৃতজ্ঞ, যার ভাই ম্যাথিউ সেইসব ব্যক্তিদের মধ্যে একজন যাদের আমরা ফেন্টানাইলের কারণে হারিয়েছি এবং তার নামে এই নতুন আইনের নামকরণ করতে আমাকে এটি অনুপ্রাণিত করেছে।"

আসেম্বলি মেম্বার জন টি. ম্যাকডোনাল্ড III, RPh বলেন, "মাদকের অতিরিক্ত মাত্রাজনিত মৃত্যুর বৃদ্ধি একটি জনস্বাস্থ্য সংকট, যার জন্য অবিলম্বে পদক্ষেপ এবং নব নব কৌশল প্রয়োজন৷ এই আইনটি, অবৈধ ওষুধ সরবরাহের মধ্যে ফেন্টানাইলের মতো বিকল্পের ক্রমবর্ধমান উপস্থিতি সনাক্ত করার জন্য সরঞ্জাম সরবরাহ করে জীবন বাঁচাতে সহায়তা করতে পারে। আফিম এবং অত্যাধিক মাত্রাজনিত সংকট বিপজ্জনক এবং অপ্রত্যাশিত উপায়ে বিকশিত হতে থাকে এবং আমাদের সম্প্রদায়কে যতটা সম্ভব এই মৃত্যুগুলি থেকে প্রতিরোধ করার জন্য দরকারী সরঞ্জাম সরবরাহ করার মাধ্যমে আমাদের যথাসাধ্য করতে হবে। এই জনস্বাস্থ্য সংকটে

নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার প্রতিশ্রুতি দেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

মে মাসে, স্টেট এর স্বাস্থ্য বিভাগের, মাদক ব্যবহারকারীদের স্বাস্থ্য কার্যালয়, স্টেটের অর্থায়নে পরিচালিত মাদক ব্যবহারকারীদের স্বাস্থ্য কেন্দ্রগুলির (Drug User Health Hubs) উদ্যোগে চারটি মাদক পরীক্ষা করমসূচির বাস্তবায়নের জন্য পথ প্রদর্শন করেছে। এই পরিচর্যা উদ্যোগ, ব্যক্তিদের তাদের ওষুধের বিষয়বস্তু সম্পর্কে তথ্য প্রদান করছে। ওষুধগুলি কীভাবে আরও নিরাপদে ব্যবহার করা যায় সে বিষয়ে পরামর্শ এবং নির্দেশনা দেওয়া হয়। এই প্রোগ্রামের প্রথম ছয় মাসে, হেরোইনের 98 শতাংশ নমুনায় ফেন্টানাইল এবং 53 শতাংশে জাইলাজিন রয়েছে বলে জানা গেছে। এই টেস্টিং প্রোগ্রামটি অবৈধ বাজারে প্রবেশ করার সাথে সাথে নতুন ওষুধগুলি সনাক্ত করবে এবং তাদের ওষুধে অপ্রত্যাশিত পদার্থ সম্পর্কে লোকেদের সতর্ক করবে।

OASAS-এর সাথে অংশীদারিত্বে, নিউ ইয়র্ক স্টেট চলমান ভার্চুয়াল নালক্সোন প্রশিক্ষণ অফার করে, যা লোকেদের শেখায় কিভাবে অতিরিক্ত মাত্রার লক্ষণ চিনতে হয় এবং এটির কুফল থেকে রক্ষা পেতে কীভাবে নালক্সোন ব্যবহার করতে হয়। আরো তথ্য এখানে পাবেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন